

আদেশ

যেহেতু, জনাব মোঃ আলমগীর, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তিনি অজ্ঞতাবশতঃ কাজটি করেছেন মর্মে স্বীকার করেছেন এবং তার কৃতকর্মের জন্য নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং যেহেতু তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ নির্দেশ যথাযথভাবে পালন ও সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে সঠিকভাবে দায়িত্ব পালন করবেন এবং ভবিষ্যতে অনুরূপ কোনো কাজের পুনরাবৃত্তি করবেন না মর্মে অঙ্গীকার করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য ও নথিপত্র পর্যালোচনায় উক্ত অভিযোগসমূহ একান্তই তার অনিচ্ছাকৃত ত্রুটি ছিল মর্মে স্বীকার করায় এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না করার অঙ্গীকার করায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করতঃ তার বিরুদ্ধে আনীত এ অভিযোগ হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, তাকে (জনাব মোঃ আলমগীর, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল)-কে সতর্ক করতঃ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক এতদ্বারা বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
১৩/৪/১৬
(মোঃ হুমায়ুন খালিদ)
সচিব

স্মারক নং-প্রাগম/তঃশৃঃ/বিমা-৪/২০১৬-৩৫৭

তারিখঃ ৩০ চৈত্র ১৪২২
১৩ এপ্রিল ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। সুপারিনটেনডেন্ট, যশোর পিটিআই, যশোর।
- ৭। জনাব মোঃ আলমগীর, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কালিয়া, নড়াইল।
- ৮। অফিস কপি।


13.4.16

(তানভীর আহমেদ)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৬৯১